গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় পরিচালকের কার্যালয়
মৎস্য অধিদপ্তর
রংপুর বিভাগ, রংপুর
www.fisheries.rangpurdiv.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.০০০.৩০৭.৪৪.০০৫২.২৪.৪০৬

তারিখ: ২০ আষাঢ় ১৪৩৩ / ০৪ জুলাই ২০২৬

# শোক বার্তা

গভীর শোক ও দুঃখের সঙ্গে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আয়নাল হক, পরিচালক, মৎস্য অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর গত ০৩ জুলাই ২০২৬ তারিখ আনুমানিক রাত ০৯:৩০ ঘটিকায় কর্মস্থলে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৭ বছর (১৯৬৮-২০২৬)। তিনি স্ত্রী, এক পুত্র, এক কন্যা, আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তাঁর স্থায়ী নিবাস নঁওগা সদর, নঁওগা।

তিনি ১৭তম বিসিএস (মৎস্য) ক্যাডারে সুপারিশপ্রাপ্ত হয়ে ২২ ফেব্রুয়ারি ১৯৯৮ তারিখে থানা মৎস্য কর্মকর্তা হিসেবে মৎস্য অধিদপ্তরে যোগদান করেন। কর্মজীবনে তিনি সততা, দক্ষতা, কর্তব্যপরায়ণতা, নিষ্ঠা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালন করেছেন। এছাড়া মৎস্য সম্পদের উন্নয়ন, টেকসই ব্যবস্থাপনা, মাঠ পর্যায়ে সরকারি কর্মসূচীর সফল বাস্তবায়ন ও প্রান্তিক জনগোষ্ঠির কল্যাণে অপরিসীম অবদান রেখেছেন। আমরা মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবার-পরিজন, আত্মীয়-স্বজন ও শুভানুধ্যায়ীদের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করছি।

আল্লাহ সুবহানু ওয়া তাআলা মরহুমকে জান্নাতুল ফিরদাউস নসিব করুন এবং শোকসন্তপ্ত পরিবারকে এ শোক সহ্য করার ক্ষমতা দান করুন। আমীন।

০৪/০৭/২০২৬

উপপরিচালক
মৎস্য অধিদপ্তর
রংপুর বিভাগ, রংপুর
টেলি: ০২৫৮৯৯৬২৭৩৬
ddrangpur@fisheries.gov.bd